

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৩০

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

আরবী

عَنِ ابْنِ مَسْعُودِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: اقْتَدُوا بِاللَّذَيْنِ مِنْ بَعْدِي مِنْ أَصْحَابِي: أَبِي بَكْرٍ وَعُمَرَ وَاهْتَدُوا بِهَدْيِ عمّارٍ وَتَمَسَّكُوا بِعَهْدِ ابْنِ أُمِّ عَبْدٍ . رَوَاهُ التِّرْمِذِيُّ التِّرْمِذِيُّ

اسناده حسن ، رواه الترمذي (3663)

বাংলা

৬২৩০-[৩৫] ইবনু মাসউদ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আমার পরে তোমরা আমার সাহাবীদের মধ্য হতে এ দু'জনের- আবূ বকর ও 'উমার-এর অনুকরণ করো। আম্মার-এর চরিত্র অবলম্বন করো এবং ইবনু উম্মু 'আবদ-এর (ইবনু মাস্উদ-এর) নির্দেশ দৃঢ়তার সাথে মেনে চলে। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৬৬৩, ইবনু মাজাহ ৯৭, সহীহুল জামি ১১৪২, সিলসিলাতুস্ সহীহাহ্ ১২৩৩, মা'রিফাতুস সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৩৩০৯, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩১৯৪২, মুসনাদুল বায়যার ২৮২৭, মুসনাদে আহমাদ ২৩২৯৩, আল মু'জামুল আওসাত্ব ৭১৭৭, আল মুসতাদরাক লিল হাকিম ৪৪৫১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১০৩৪৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الهَدْي عمّار) অর্থাৎ 'আম্মার ইবনু ইয়াসীর (রাঃ) (الهَدْي عمّار) 'হা' বর্ণে যবরসহ এবং 'দাল' বর্ণে সুকূন যোগে অর্থ চরিত্র, পদ্ধতি। অর্থাৎ তোমরা তার চরিত্র গ্রহণ কর ও তার পথকে মনোনীত করো। মনে হয়



যেন (اهتداء) শব্দটি (اهتداء) থেকে বেশি ব্যাপক। যেহেতু (اهتداء) –এর সাথে (اهتداء) এবং (اهتداء) তথা কথা ও কর্ম উভয় যুক্ত থাকে। পক্ষান্তরে (اهتداء) শুধু (اهتداء) (কাজ) এর সাথে যুক্ত। (তুহফাতুল আহওয়াযী হা. ৩৮১১) এ বাক্যে আমাদের সর্দার আমীরুল মু'মিনীন আলী (রাঃ)–এর খিলাফত সত্য ও সঠিক হওয়ার ইঙ্গিত রয়েছে। আবদুল্লাহ ইবনু মা'উদ (রাঃ)–এর উপনাম হলো ইবনু উন্মু আবদ। তাঁদের যুগ থেকে উদ্দেশ্য হলো তাদের খিলাফতকাল। এ কারণে তার উদ্দেশ্য হলো তাদের খিলাফতকাল। এ কারণে তারা আমাদের নেতা আবূ বাকর (রাঃ)–এর খিলাফতের সাক্ষ্য দিয়েছেন এবং তার ওপর এ দলীল পেশ করেন যে, আমরা তাঁকে পিছনে ফেলে রাখতে পারি না। যাকে স্বয়ং রাসূল (সা.) আমাদের দীনের কাজে অর্থাৎ সালাতে অগ্রগামী করেছেন। আমরা কি তাদের দুনিয়ার জন্য পছন্দ করব না? (মিশকাতুল মাসাবীহ – মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন